দৈনিক বাংলা

তারিখ ... 13 JUN 1995 ... ..
পৃষ্ঠা ১ কলাম ..৬....

02

## চট্টগ্রাম শিক্ষাবো[র্ড]
## চালু করতে
## জরুরী নির্দেশ

**মিডিয়া সিন্ডিকেট ঃ চট্টগ্রাম, ১২ জুন।**– চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চালুর ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় জরুরী নির্দেশ দিয়েছে।

সম্প্রতি জাতীয় শিক্ষা একাডেমির পরিচালক অধ্যাপক আহসানউল্লাকে চেয়ারম্যান হিসাবে নিয়োগ প্রদান করা

৫-এর পৃঃ দ্রঃ)

## চট্টগ্রাম শিক্ষাবোর্ড

(প্রথম পৃষ্ঠার পর)

হয়। অস্থায়ী ভিত্তিতে জামালপুরস্থ ডিডিপিআই অফিসে শিক্ষা বোর্ডের কার্যক্রম শুরু হয়েছে।

তবে চট্টগ্রামের জুবিলীরোডস্থ নাসিমন ভবনের পুরাতন বিমান কার্যালয়ে অথবা আগ্রাবাদ এলাকায় ওষুধ পরিদফতরের একটি পরিত্যক্ত ভবনে এ কার্যালয় স্থাপিত হবে আপাতত। চলতি সপ্তাহে বোর্ডের কন্ট্রোলার ও অন্যান্য কর্মচারী নিয়োগ করা হবে। চট্টগ্রাম বোর্ডের অধীনে চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা অন্তর্ভুক্ত হবে।

চট্টগ্রাম শিক্ষাবোর্ড স্থাপনের মধ্যদিয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার গত নির্বাচনে প্রদত্ত রাজনৈতিক অঙ্গীকার পূরণ হলো।